**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

## সংবাদ গতিধারা

**ঢাকা, সোমবার ১৪ নভেম্বর ২০১৬, ৩০ কার্তিক ১৪২৩**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। বিশ্ব জলবায়ু সম্মেলনে যোগ দিতে প্রধানমন্ত্রী মারাকাশ যাচ্ছেন আজ

২। মামলার জট কমাতে সম্মিলিত পদক্ষেপ নিন : রাষ্ট্রপতি

৩। সংখ্যালঘুদের ওপর নির্যাতন মেনে নেওয়া হবে না : স্বাস্থ্যমন্ত্রী

৪। দেশের উন্নয়নের জন্য ২৬ লাখ মানুষকে আয়কর দিতে হবে : বাণিজ্যমন্ত্রী

৫। কর্ণফুলী টানেল নির্মাণ প্রকল্পের ভূমি অধিগ্রহণ নিয়ে অভিযোগ
দ্রুত নিষ্পত্তির নির্দেশ সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রীর

৬। সরকারকে বেকায়দায় ফেলতে সাম্প্রদায়িক হামলা : তথ্যমন্ত্রী

৭। ঢাকার চার নদী থেকে শীঘ্রই ১৩ অবৈধ স্থাপনা উচ্ছেদ

৮। জিআই পণ্য হিসেবে নিবন্ধিত হচ্ছে ইলিশ

৯। জামিন পেতে ডেসটিনির দুই কর্মকর্তাকে দিতে হবে ২ হাজার ৮০০ কোটি টাকা
: আপিল বিভাগের আদেশ

১০। বিশ্ব ডায়াবেটিস দিবস আজ

চলমান পাতা-২

১। **বিশ্ব জলবায়ু সম্মেলনে যোগ দিতে প্রধানমন্ত্রী মারাকাশ যাচ্ছেন আজ**

জাতিসংঘ আয়োজিত বিশ্ব জলবায়ু সম্মেলনে যোগ দিতে প্রধানমন্ত্রী শেখ হাসিনা আজ ১৪ নভেম্বর সোমবার মরক্কো রওনা হচ্ছেন। মরক্কোর পর্যটন নগরী মারাকাশে ইউএনএফসিসিসি আয়োজিত কপ-২২ সম্মেলন অনুষ্ঠিত হচ্ছে। আগামী ১৫ ও ১৬ নভেম্বর উচ্চ পর্যায়ের সম্মেলনে যোগ দেবেন প্রধানমন্ত্রী। মরক্কোর রাজা মোহাম্মদ এর বিশেষ আমন্ত্রণে প্রধানমন্ত্রীর নেতৃত্বে বাংলাদেশ প্রতিনিধি দল সম্মেলনে যোগ দিচ্ছে। প্রধানমন্ত্রী ছাড়াও ২৫ সদস্যের বাংলাদেশ প্রতিনিধি দলে রয়েছেন পানিসম্পদ মন্ত্রী আনিসুল ইসলাম মাহমুদ, পরিবেশ ও বন মন্ত্রী আনোয়ার হোসেন মঞ্জু ও পররাষ্ট্র মন্ত্রী এএইচ মাহমুদ আলীসহ কয়েকজন সচিব, ঊর্ধ্বতন কর্মকর্তা, পরিবেশ বিশেষজ্ঞ ও গণমাধ্যম ব্যক্তিত্ব। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **সংবাদ** (শেষ পৃ.,ক.১), **ডেইলি স্টার** (শেষ পৃ.,ক.১), **নিউ নেশন** (শেষ পৃ.,ক.৫)।

২। **মামলার জট কমাতে সম্মিলিত পদক্ষেপ নিন : রাষ্ট্রপতি**

মামলার জট কমাতে বিচার বিভাগ, আইনজীবী ও পুলিশ প্রশাসনকে সম্মিলিত প্রচেষ্টা চালানোর আহ্বান জানিয়েছেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। গতকাল ১৩ নভেম্বর রোববার টাঙ্গাইল বার সমিতির ১২৫ বছর পূর্তি উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে তিনি এ আহ্বান জানান। রাষ্ট্রপতি বলেন, এটি অবশ্যই মনে রাখতে হবে যে আইন জনগণের জন্য। আইন প্রয়োগে ধনী ও দরিদ্রের সমান অধিকার নিশ্চিত করতে আইনজীবীরা ভূমিকা রাখতে পারে। সমাজ থেকে অসাম্য ও অবিচার দূর করতে আপনাদের ভূমিকা পালন করতে হবে। সূত্র-**যুগান্তর** (শেষ পৃ.,ক.৮), **সমকাল** (পৃ.১৯,ক.৬), **অবজারভার** (পৃ.৩,ক.২), **ডেইলি স্টার** (পৃ.৫,ক.৩)।

৩। **সংখ্যালঘুদের ওপর নির্যাতন মেনে নেওয়া হবে না : স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম বলেন, বাংলাদেশ একটি সাম্প্রদায়িক সম্প্রীতির দেশ। এ সম্প্রীতি বিনষ্টের উদ্দেশ্যে সংখ্যালঘুদের ওপর নির্যাতন কখনোই মেনে নেওয়া হবে না। আওয়ামী লীগ সরকারের ভাবমূর্তি নষ্টের পাশাপাশি প্রধানমন্ত্রী শেখ হাসিনার উন্নয়নকে ব্যাহত করার জন্য একটি চক্র দেশে এ ধরনের উস্কানিমূলক কর্মকাণ্ড শুরু করেছে। তাদের এ অশুভ কর্মকাণ্ড বা নীলনকশা কোনো দিন সফল হতে দেওয়া হবে না। স্বাস্থ্যমন্ত্রী গতকাল ১৩ নভেম্বর রোববার সিরাজগঞ্জ জেলা আইনশৃঙ্খলা সভায় প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৪), **যুগান্তর** (পৃ.৩,ক.৮), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৫)।

৪। **দেশের উন্নয়নের জন্য ২৬ লাখ মানুষকে আয়কর দিতে হবে : বাণিজ্যমন্ত্রী**

দেশের উন্নয়নে ২৫-২৬ লাখ মানুষকে আয়কর দিয়ে টিন নম্বর নিতে হবে বলে জানিয়েছেন বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ। তিনি বলেন, বর্তমানে দেশে ১৬ কোটি মানুষের মধ্যে মাত্র ১৫-১৬ লাখ মানুষের টিন নম্বর আছে। এটা খুব কম। গতকাল ১৩ নভেম্বর রোববার ভোলা শহরের মহাজন পট্টিতে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংকের ১৫৯ তম শাখার উদ্বোধনকালে তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১৪,ক.৪), **ভোরের কাগজ** (পৃ.৮,ক.১), **অবজারভার** (পৃ.২০,ক.১), **ডেইলি সান বিজনেস পাতা** (পৃ.১,ক.৬)।

৫। **কর্ণফুলী টানেল নির্মাণ প্রকল্পের ভূমি অধিগ্রহণ নিয়ে অভিযোগ**
**দ্রুত নিষ্পত্তির নির্দেশ সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রীর**

কর্ণফুলী টানেল নির্মাণ প্রকল্পের ভূমি অধিগ্রহণ সংক্রান্ত অভিযোগসমূহ দ্রুত নিষ্পত্তি করতে জেলা প্রশাসন ও প্রকল্প কর্তৃপক্ষকে নির্দেশ দিয়েছেন সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। গতকাল ১৩ নভেম্বর রোববার পতেঙ্গার ওয়েস্ট পয়েন্টে কর্ণফুলী টানেল নির্মাণ সাইট পরিদর্শনকালে তিনি এ নির্দেশ দেন। এ সময় কর্ণফুলী টানেল নির্মাণ প্রকল্পের পরিচালক প্রকৌশলী ইফতেকার কবিরসহ সড়ক ও সেতু মন্ত্রণালয়ের ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৭), **ইত্তেফাক** (পৃ.২,ক.৫), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১২,ক.১)।

**৬। সরকারকে বেকায়দায় ফেলতে সাম্প্রদায়িক হামলা : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, ব্রাহ্মণবাড়িয়ার নাসিরনগরসহ কয়েকটি জায়গায় সংখ্যালঘুদের ওপর হামলা, মন্দির ও বাড়িঘর ভাংচুর অতীতের সাম্প্রদায়িক এবং জঙ্গিবাদী ঘটনারই রেশ। দেশের ভাবমূর্তিকে আন্তর্জাতিকভাবে ক্ষুন্ন করতে এবং সরকারকে বেকায়দায় ফেলতে যে চক্রান্ত শুরু হয়েছে এখনও তা অব্যাহত রয়েছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে এসব সন্ত্রাস শক্তভাবে দমন করা হবে। গতকাল **১৩** নভেম্বর রোববার নড়াইল জেলা পরিষদ মিলনায়তনে দলের কর্মিসভায় তিনি এ সব কথা বলেন। সূত্র-**সমকাল**(পৃ.৪,ক.৭), **যুগান্তর** (পৃ.২,ক.৪), **ইত্তেফাক** (পৃ.২,ক.৪), **বাংলাদেশ টুডে** (পৃ.২,ক.২)।

**৭। ঢাকার চার নদী থেকে শীঘ্রই ১৩ অবৈধ স্থাপনা উচ্ছেদ**

ঢাকার চারপাশের নদীগুলো দখল করে গড়ে ওঠা **১৩**টি স্থাপনা উচ্ছেদের সিদ্ধান্ত নিয়েছে সরকার। খুব শীঘ্রই এ উচ্ছেদ অভিযান শুরু হবে। সচিবালয়ে গতকাল **১৩** নভেম্বর রোববার নদীর নাব্য ও স্বাভাবিক গতি প্রবাহ অব্যাহত রাখা সংক্রান্ত টাস্কফোর্সের সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়। সভা শেষে নৌপরিবহণ মন্ত্রী শাহজাহান খান একথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **সমকাল** (পৃ.৪,ক.৫), **অবজারভার** (পৃ.১৬,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.১)।

**৮। জিআই পণ্য হিসেবে নিবন্ধিত হচ্ছে ইলিশ**

দেশীয় সম্পদ জামদানির পর এবার জাতীয় মাছ ইলিশকে ভৌগোলিক নির্দেশক (জিআই) আইনে নিবন্ধন দেওয়ার প্রক্রিয়া শুরু হয়েছে। এর ফলে এসব সম্পদের স্বত্ব বাংলাদেশের হয়ে থাকবে। এ লক্ষ্যে গতকাল **১৩** নভেম্বর রোববার মৎস্য অধিদফতর আনুষ্ঠানিকভাবে শিল্প মন্ত্রণালয়ে আবেদন করেছে। শীঘ্রই জামদানি নিবন্ধিত হবে বলে জানা গেছে। আবেদন গ্রহণ করে সিনিয়র শিল্প সচিব বলেন, বর্তমান সরকার জিআই পণ্যসহ মেধাসম্পদের মালিকানা সুরক্ষায় ব্যাপক উদ্যোগ নিয়েছে। এর ফলে বাংলাদেশের জিআই পণ্যের সুরক্ষা এবং আন্তর্জাতিক বাণিজ্যে এর সুফল পাওয়া যাবে বলে আশা করা হচ্ছে। সূত্র-**সংবাদ** (পৃ.১৪,ক.২), **ভোরের কাগজ** (পৃ.৯,ক.৪), **ডেইলি স্টার বিজনেস পাতা** (পৃ.১,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১,ক.১)।

**৯। জামিন পেতে ডেসটিনির দুই কর্মকর্তাকে দিতে হবে ২ হাজার ৮০০ কোটি টাকা : আপিল বিভাগের আদেশ**

ট্রি-প্ল্যান্টেশন প্রোগ্রামের ৩৫ লাখ গাছ বিক্রি করে ২ হাজার ৮০০ কোটি টাকা অথবা নগদ ২ হাজার ৫০০ কোটি টাকা পরিশোধ করতে পারলে ডেসটিনি গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ রফিকুল আমীন ও ডেসটিনি-২০০০ লিমিটেডের চেয়ারম্যান মোহাম্মদ হোসেন জামিন পাবেন। আগামী ছয় সপ্তাহের মধ্যে এই শর্ত তাদের পূরণ করতে হবে। গতকাল **১৩** নভেম্বর রোববার তাদের জামিনের বিরুদ্ধে করা এক আবেদনের শুনানি নিয়ে প্রধান বিচারপতি এসকে সিনহার নেতৃত্বাধীন তিন বিচারকের আপিল বেঞ্চ এ আদেশ দেয়। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৪), **ভোরের কাগজ** (পৃ.১,ক.৫), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.২), **ডেইলি স্টার** (পৃ.১,ক.৫)।

**১০। বিশ্ব ডায়াবেটিস দিবস আজ**

বিশ্ব ডায়াবেটিস দিবস আজ ১৪ নভেম্বর সোমবার। এবার দিবসটির প্রতিপাদ্য নির্ধারণ করা হয়েছে 'ডায়াবেটিসের ওপর দৃষ্টি দিন :অন্ধত্ব এড়াতে ডায়াবেটিস নিয়ন্ত্রণে রাখুন'। দিবসটি উপলক্ষে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। ইনসুলিনের আবিষ্কারক ফ্রেডেরিক ব্যান্টিংয়ের জন্মদিন উপলক্ষে আন্তর্জাতিক ডায়াবেটিক ফেডারেশন **১৯৯১** সালে **১৪** নভেম্বরকে বিশ্ব ডায়াবেটিস দিবস হিসেবে ঘোষণা করে। ২০০৭ সাল থেকে জাতিসংঘের আহ্বানে বিশ্বজুড়ে দিবসটি পালিত হয়ে আসছে। বাংলাদেশেও বিভিন্ন সামাজিক এবং সাংস্কৃতিক সংগঠন দিবসটি উপলক্ষে নানা কর্মসূচি হাতে নিয়েছে। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.১), **সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **অবজারভার** (পৃ.৪,ক.২), **নিউ এজ** (শেষ পৃ.,ক.২)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** বিশ্ব স্বাস্থ্য সংস্থা কর্তৃক বাংলাদেশকে ধনুষ্টংকারমুক্ত হওয়ার স্বীকৃতি লাভের বিষয় তুলে ধরে স্বাস্থ্য খাতের অন্যান্য সমস্যাগুলো সমাধানে এখনই একটি বাস্তবসম্মত পরিকল্পনা গ্রহণের সুপারিশ।

খ. **সংবাদ :** ফৌজদারি কার্যবিধির ৫৪ ধারায় গ্রেফতার ও **১৬৭** ধারায় প্রয়োগের বিষয়ে আদালত যে নির্দেশনা দিয়েছেন সেটা মানা হলে নাগরিকরা এ দুই ধারার অপব্যবহার থেকে রক্ষা পাবেন বলে অভিমত।

গ. **জনকণ্ঠ :** গাইবান্ধার গোবিন্দগঞ্জের সাঁওতাল সম্প্রদায়ের ওপর হামলার পেছনে জড়িতদের বিরুদ্ধে দৃষ্টান্তমূলক ব্যবস্থা গ্রহণ করে সাঁওতাল সম্প্রদায়ের নিরাপত্তা নিশ্চিত করার সুপারিশ।

ঘ. **প্রথম আলো :** বাংলাদেশের সংস্থা তাজিংডং পরিবেশের বৈশ্বিক পুরস্কার 'অস্কার' লাভের পরিপ্রেক্ষিতে সমগ্র পার্বত্য চট্টগ্রামসহ সমতলের বন সংরক্ষণেও তাজিংডং দৃষ্টান্ত হয়ে ওঠার প্রত্যাশা।

ঙ. **সমকাল :** অনেক বাংলাদেশি দূতাবাস প্রবাসীদের এমআরপি পাসপোর্ট প্রদানে ভুলভ্রান্তি করায় এ অদক্ষতার বিষয়টি যথাযথ তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার আহ্বান।

চ. **যুগান্তর, সমকাল, ইনকিলাব :** বিজিএমইএ সভাপতি গার্মেন্ট খাতের যে সমস্যা তুলে ধরেছেন তা সমাধান না হলে এখাতে ভয়াবহ বিপর্যয় নেমে আসার আশঙ্কা প্রকাশ।

ছ. **ইন্ডিপেনডেন্ট :** বাংলাদেশ ব্যাংকের সাইবার নিরাপত্তা ব্যবস্থার দুর্বলতার সুযোগে **১০১** মিলিয়ন ডলারের রিজার্ভ চুরির ঘটনা থেকে শিক্ষা নিয়ে ব্যাংকের নিরাপত্তা বিশেষজ্ঞদের সর্তক থেকে আরো উন্নত প্রযুক্তির ব্যবহারের আহ্বান।

জ. **ডেইলি সান, ডেইলি স্টার :** লাউয়াছড়া জাতীয় উদ্যানের ভিতর দিয়ে ভারী যানবাহনের এবং ট্রেন চলাচলের সময় দুর্ঘটনায় বণ্যপ্রাণীর প্রাণ হারানোর ঘটনায় উদ্বেগ প্রকাশ করে যথাযথ কর্তৃপক্ষের সড়ক এবং রেল পথটি অন্যত্র সরিয়ে নেওয়ার পরামর্শ।

ঝ. **ফিনানশিয়াল এক্সপ্রেস :** বাংলাদেশ-মিয়ানমার দ্বিপাক্ষিক সুসম্পর্ককে কাজে লাগিয়ে দু'দেশকেই নিজেদের অর্থনীতি ও যোগাযোগ ব্যবস্থার উন্নয়নে সক্রিয় হতে হবে বলে অভিমত ব্যক্ত করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

## উপ-সম্পাদকীয়

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত কলামে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো যে হাউজহোল্ড ডাটাবেইজ তৈরি করছে সেখানে সকল দরিদ্র পরিবারের তথ্য থাকতে হবে, তাতে প্রকৃত দরিদ্র মানুষগুলো সামাজিক সুরক্ষাবেষ্টনীর সুবিধা পাবে বলে উল্লেখ করা হয়েছে।

## নিবন্ধ ও ফিচার

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'তালাকপ্রাপ্তা নারীর আর্থিক নিরাপত্তা'** শিরোনামের নিবন্ধে আকম সাইফুল ইসলাম চৌধুরী তালাকপ্রাপ্তা নারীর অসহায়ত্ব দূর করতে ও তাদের জীবনের আর্থিক নিরাপত্তা প্রদানের বিষয়টি ভেবে দেখার সময় এসেছে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ডালিয়া/ফাহিমা/শুকলা/মরজিনা/রশীদ/২০১৬/৯.০০ ঘণ্টা